দৈনিক
ইনকিলাব

28 JUN 2012
পৃষ্ঠা ১৬ কলাম ২

কওমী সনদের স্বীকৃতি

১৬-এর পৃষ্ঠার পর

এক সভায় এ পরিষদ গঠিত হয়। সভায় পরিষদের একটি আহ্বায়ক কমিটিও গঠিত হয়। কমিটির আহ্বায়ক হয়েছেন ফনামী কড়াইল টি এন্ড টি কলোনী মাদ্রাসার মহাপরিচালক মুফতী নোমান ছাহেব। সদস্য সচিব যাত্রাবাড়ী বাদেমুল ইসলাম মাদরাসার মহাপরিচালক হাফেজ মাওলানা আজিজুর রহমান। যুগ্ম সম্পাদক হয়েছেন বশিরউদ্দিন রোড জামে মসজিদের ইমাম ও খতিব মাওলানা এইচ, এম মোতাহার উদ্দিন, মাদানীনগর মাদরাসার মুহাদ্দিছ মাওলানা এহসান সন্দ্বীপী, মিরপুর কেন্দ্রীয় মসজিদ মাদরাসার মহাপরিচালক মুফতী বাদেল সাইফুল্লাহ্।

সভায় উপস্থিত ছিলেন আসহাবুল্লাহ একাডেমীর পরিচালক মুফতি শিব্বির আহমাদ, দলিপাড়া মাদ্রাসার নায়েবে মোহতামিম মুফতি ওয়াহিদুল আলম, ইকরা মহিলা মাদ্রাসার পরিচালক মাওলানা ইব্রাহীম ফরাজী, মাদানীনগর মাদ্রাসার বিশিষ্ট মুহাদ্দিস মাওলানা এহসান সন্দ্বীপী, জামেয়া নূরীয়া চরীর বিশিষ্ট শিক্ষক মুফতি রিয়াদুল ইসলাম, মিরপুর কেন্দ্রীয় মসজিদ মাদ্রাসার মহাপরিচালক মুফতি খালিদ সাইফুল্লাহ, জামেয়া রহিমিয়্যাহ গাবতলীর মহাপরিচালক মুফতি আবুল কাসেম আশরাফী, মুফতি তাসনীম, আব্দুল কাদের, সরদার ইমরান হোসাইন, আল মামুন নূর, ফারুক হোসাইন, মুফতী মামুন আহমাদ প্রমুখ।

সভায় বক্তাগণ কওমী মাদ্রাসা সনদের স্বীকৃতি আদায়ে গঠিত কমিশন ও বেফাক নেতৃবৃন্দেরকে ঐক্যবদ্ধ ও সোচ্চারভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার দাবি জানান। বক্তারা আরো বলেন, বেফাক আর কমিশনের দ্বন্দ্ব-দ্বন্দ্ব বুঝিনা, যে কোনভাবে কওমী সনদের স্বীকৃতি চাই। কওমী সনদের বিরুদ্ধে ষড়যন্ত্রকারীদের ধিক্কার করে বক্তাগণ কওমী সনদের স্বীকৃতির ব্যাপারে ষড়যন্ত্রকারীদের অনতিবিলম্বে তাদের অবস্থান থেকে ফিরে আসার আহ্বান জানান। অন্যথায় কওমী সনদের স্বীকৃতি আদায়ে দুর্বার আন্দোলন গড়ে তোলা হবে।